

প্রশাসনিক বিজ্ঞপ্তি নম্বর: ১৯/২০২০

বিষয়: কোভিড-১৯ বিস্তার রোধে সাধারণ ছুটি উত্তর কর্মস্থলে উপস্থিতি সংক্রান্ত নির্দেশনা প্রতিপালন প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আদেশ অনুযায়ী বিমান কর্তৃপক্ষ কর্তৃক করোনা ভাইরাস (কোভিড-১৯) বিস্তার রোধ ও সংক্রমণ প্রতিরোধে ৩০ মে ২০২০ তারিখ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হয়। দেশের অর্থনৈতিক স্থবিরতা দূর করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ৩১ মে ২০২০ তারিখ হতে সীমিত পরিসরে সকল সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠানের কার্যক্রম চালু করার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বিমান ৩১ মে ২০২০ তারিখ হতে কার্যক্রম পুনরায় শুরু করে। তবে, কোভিড-১৯-এর সংক্রমণ বিশ্বব্যাপী মহামারী রূপ ধারণ করায় এবং অপারেশনাল কার্যক্রম সীমিত আকারে পরিচালিত হওয়ায় বিমানের সকল কর্মকর্তা/কর্মচারীর ৩১ মে ২০২০ তারিখ হতে নিয়মিত কার্যালয়ে উপস্থিতি জরুরি নয়।


০২। স্বাস্থ্যবিধি প্রতিপালন, সামাজিক দূরত্ব বজায় ও দাপ্তরিক চাহিদা বিবেচনায় প্রতিটি পরিদপ্তরের ন্যূনতম কর্মীর প্রয়োজনীয়তার পরিকল্পনা প্রণয়ন করে কেন্দ্রীয় প্রশাসনে প্রেরণ করতে হবে। কর্মী ব্যবস্থাপনা সংক্রান্ত পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি গুরুত্ব আরোপ করতে হবে:

- ক) যে সকল কর্মকর্তা/ কর্মচারি বাসা থেকে অনলাইনে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করতে সক্ষম উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে তাদের কর্মস্থলে আগমনের প্রয়োজন নেই;
- খ) পে গ্রুপ-১ এর কর্মচারীদের মধ্যে থেকে যেন সর্বনিম্ন সংখ্যক কর্মীকে কর্মস্থলে আগমন করতে হয় সে রূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- গ) রোস্টার ডিউটির ক্ষেত্রে (শাখা/ উপ-বিভাগীয়/ বিভাগীয় প্রধান ব্যতীত) ৮-১৪ দিনের রোস্টার করা যেতে পারে; জুন/ ২০২০ হতে বিমানে রোস্টার পদ্ধতি কার্যকর হওয়ার পর কোন কর্মকর্তা/ কর্মচারি রোস্টার অনুযায়ী বাসায় অবস্থান করলে উক্ত দিন/দিনসমূহ উপস্থিত হিসেবে গণ্য। তবে, কোন কর্মকর্তা/ কর্মচারি স্বেচ্ছায় ছুটি নিলে অথবা রোস্টারে প্রদর্শিত ডিউটির দিন অফিসে অনুপস্থিত থাকলে সেক্ষেত্রে উক্ত দিন/ দিনসমূহ তার প্রাপ্য ছুটিসমূহ থেকে সমন্বয় করা হবে। এক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের সম্মতিতে কোন কর্মকর্তা/ কর্মচারি রোস্টারে প্রদর্শিত ডিউটির দিনসমূহের মধ্যে একনাগাড়ে ০৬ (ছয়) বা ততোধিক দিন ছুটি/ অনুপস্থিত থাকলে তা' বিশেষাধিকার ছুটি, ০১ (এক) দিন অনুপস্থিত থাকলে তা' পীড়া ছুটি এবং ০১ (এক) দিনের অধিক বা সর্বোচ্চ ০৩ (তিন) দিন ছুটি/ অনুপস্থিত থাকলে তা' নৈমিত্তিক ছুটি হিসেবে গণ্য হবে;
- ঘ) যেহেতু বর্তমানে বেশিরভাগ কর্মকর্তা/ কর্মচারিদের বিমানের নিজস্ব যানবাহন দ্বারা পরিবহন করা হচ্ছে, সেহেতু যানবাহনের প্রাপ্যতা ও আবাসনের অবস্থান বিবেচনায় কর্মস্থলে উপস্থিতির পরিকল্পনা করতে হবে;
- ঙ) উপ-মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপকগণকে প্রয়োজনে মাইক্রোবাসে যাতায়াত করতে হতে পারে;
- চ) মেডিকেল সেন্টারে আপাতত রিফান্ড কার্যক্রম স্থগিত থাকবে;

ছ) অনিবার্য কারণে কার্যালয়ে উপস্থিতি ১৫ মিনিটের পরিবর্তে ৪৫ মিনিট পর্যন্ত শিথিল করা হলো।

০৩। এমতাবস্থায়, পরিদপ্তরের কর্মী ব্যবস্থাপনা সংক্রান্ত পরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় কর্মকর্তা/ কর্মচারীগণকে স্ব-স্ব উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে কর্মস্থলে উপস্থিতির জন্য অনুরোধ করা হলো।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রশাসনিক বিজ্ঞপ্তি নং-১৪/২০২০, তারিখ: ৩০/০৫/২০২০খ্রিঃ বাতিল করত এ আদেশ জারি করা হলো, যা ০১ জুন ২০২০ তারিখ হতে কার্যকর হবে।



২৮-৭-২০২০

জিয়াউদ্দীন আহমেদ  
পরিচালক প্রশাসন

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (সকল)।

২) মহাব্যবস্থাপক (সকল)/অধ্যক্ষ, বিএটিসি/হিসাব নিয়ন্ত্রক/চিফ অফ ট্রেনিং/চিফ অফ টেকনিক্যাল/চিফ অফ ফ্লাইট সেফটি/চিফ অফ সিডিউলিং এন্ড প্ল্যানিং/প্রধান প্রকৌশলী (সকল)/কোম্পানি সেক্রেটারি/প্রধান চিকিৎসক।

৩) সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক/উপ-প্রধান প্রকৌশলী (সকল)/প্রধান প্রশিক্ষক/আইটি।

৪) ব্যবস্থাপনা পরিচালক-এর ব্যবস্থাপক সমন্বয় - ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের সদয় অবগতির জন্য।

৫) সংশ্লিষ্ট ব্যবস্থাপক/ জেলা ব্যবস্থাপক/ স্টেশন ব্যবস্থাপক (সকল), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ।

৬) নোটিশ বোর্ড।